# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ৪৭/২০১৮-১৯

ঢাকা, সোমবার ১০ সেপ্টেম্বর ২০১৮, ২৬ ভাদ্র ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

**১। সংসদ অধিবেশন শুরু, চলবে ২০ সেপ্টেম্বর পর্যন্ত, অক্টোবরে শেষ অধিবেশন**
**ক্লিন হার্ট অপারেশনে আমাদের দেড়শ' নেতাকর্মী মারা যান : সংসদে প্রধানমন্ত্রী**

**২। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দু'টি রেল প্রকল্পের উদ্বোধন করবেন আজ**
**ভারত থেকে ৫শ' মেগাওয়াট বিদ্যুৎ আমদানি প্রকল্পও উদ্বোধন আজ**

**৩। রোহিঙ্গা প্রত্যাবাসনে সুনির্দিষ্ট পদক্ষেপ নিন : প্রধানমন্ত্রী**
**ঢাকায় আইডিবি'র রিজিওনাল হাব উদ্বোধন**

**৪। প্রধানমন্ত্রীর সঙ্গে আইডিবি'র প্রেসিডেন্টের সাক্ষাৎ**

**৫। প্রধানমন্ত্রীর সঙ্গে এরশাদসহ জাপার পাঁচ নেতার বৈঠক**

**৬। জাতীয় সংসদের স্পিকারের সঙ্গে এস্তোনিয়ার পররাষ্ট্রমন্ত্রীর সাক্ষাৎ**

**৭। কৃষকের স্বার্থে ২৮ ভাগ আমদানি শুল্ক আরোপ করা হয়েছে : বাণিজ্যমন্ত্রী**

**৮। সরকারি চাকরিতে আইএইচটি ও ম্যাটস ডিগ্রীধারীদের সুযোগ বাড়ান : স্বাস্থ্যমন্ত্রী**

**৯। তিনটি পাইকারি কাঁচাবাজার নির্মাণের পর কাওরানবাজার স্থানান্তর**
**সংসদে প্রশ্নোত্তরে এলজিআরডি মন্ত্রী**

**১০। খালেদা জিয়ার স্বাস্থ্যপরীক্ষায় মেডিকেল বোর্ড গঠন করা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

**১১। বিশ্ববিদ্যালয়গুলোতে সমুদ্রবিজ্ঞান বিভাগ খোলা হবে : শিক্ষামন্ত্রী**

**১২। প্রজনন স্বাস্থ্য বিষয়ে সঠিক তথ্য জেন্ডার বৈষম্য কমাবে : তথ্যমন্ত্রী**

**১৩। নির্বাচন ঘিরে অরাজকতা সৃষ্টির সুযোগ কাউকে দেওয়া হবে না : আইজিপি**

চলমান পাতা-২



**১। সংসদ অধিবেশন শুরু, চলবে ২০ সেপ্টেম্বর পর্যন্ত, অক্টোবরে শেষ অধিবেশন**

**ক্লিন হার্ট অপারেশনে আমাদের দেড়শ’ নেতাকর্মী মারা যান : সংসদে প্রধানমন্ত্রী**

চলতি দশম জাতীয় সংসদের ২২তম অধিবেশন শুরু হয়েছে। গতকাল (৯ সেপ্টেম্বর রোববার) বিকেল পাঁচটায় অধিবেশন শুরু হয়। অধিবেশন শুরুর আগে সংসদ ভবনে অনুষ্ঠিত কার্যউপদেষ্টা কমিটির বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী এ শরৎকালীন অধিবেশন চলবে আগামী ২০ সেপ্টেম্বর পর্যন্ত। আগামী একাদশ সংসদ নির্বাচনের আগে বর্তমান সংসদের শেষ বা ২৩তম অধিবেশনটি বসবে অক্টোবরে। গতকাল অধিবেশন শুরুর পর স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী প্রথমে সভাপতিমন্ডলী মনোনয়ন দেন। এরপর শোকপ্রস্তাব উত্থাপন করেন। পরে রেওয়াজ অনুযায়ী চলমান সংসদের সদ্যপ্রয়াত দুইজন সদস্য আওয়ামী লীগের এস এম মোস্তফা রশিদী সুজা এবং বিরোধীদলীয় চিফ হুইপ ও জাতীয় পার্টির (জাপা) প্রেসিডিয়াম সদস্য তাজুল ইসলাম চৌধুরীর মৃত্যুতে উত্থাপিত শোক প্রস্তাবের ওপর আলোচনা হয়। আলোচনায় অংশ নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বিএনপি-জামায়াতের সরকারের আমলে ক্লিন হার্ট অপারেশনের সময় আওয়ামী লীগের নেতাকর্মীদের যে নির্যাতন ও অত্যাচার করা হয়, প্রয়াত মোস্তফা রাশিদী সুজা সেটির শিকার হন। ঐ অপারেশনে আওয়ামী লীগের প্রায় দেড়শ’ নেতাকর্মী মারা যান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৮)।

২। **প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দু’টি রেল প্রকল্পের উদ্বোধন করবেন আজ**
**ভারত থেকে ৫শ’ মেগাওয়াট বিদ্যুৎ আমদানি প্রকল্পও উদ্বোধন আজ**

ট্রান্স এশিয়ান রেলওয়ে রুটে অন্তর্ভুক্তির জন্য নির্মাণ করা হচ্ছে কুলাউড়া-শাহবাজপুর ও আখাউড়া-আগরতলা রেলপথ। আজ (১০ সেপ্টেম্বর সোমবার) আজ বিকেল সাড়ে ৩টায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রকল্প দু’টির নির্মাণকাজের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপনের পরই নির্মাণকাজ শুরু হবে বলে রেলওয়ে সূত্র জানায়। এ সময় ভারত থেকে ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানি প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন দুই দেশের প্রধানমন্ত্রী। কুষ্টিয়ার ভেড়ামারায় নতুন স্থাপিত উচ্চ ক্ষমতার গ্রিড উপকেন্দ্রের (এইচভিডিসি) দ্বিতীয় ব্লকের মাধ্যমে ৩০০ মেগাওয়াট দিয়ে এ বিদ্যুৎ আমদানি শুরু হবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

৩। **রোহিঙ্গা প্রত্যাবাসনে সুনির্দিষ্ট পদক্ষেপ নিন : প্রধানমন্ত্রী**
**ঢাকায় আইডিবি’র রিজিওনাল হাব উদ্বোধন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা মিয়ানমার থেকে বাস্তুচ্যুত হয়ে বাংলাদেশে আশ্রয়গ্রহণকারী রোহিঙ্গাদের দেশে ফিরিয়ে নেয়ার লক্ষ্যে সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণের জন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, বাংলাদেশ অত্যন্ত সক্রিয়ভাবে একটি মানবিক সংকট মোকাবিলা করছে। জোরপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমারের নিপীড়িত রোহিঙ্গা জনগোষ্ঠীর জন্য বাংলাদেশ সীমান্ত উন্মুক্ত করে দিয়ে তাদের প্রবেশ করতে দিয়েছে। নিজস্ব সম্পদ, বাস্তুসংস্থান ও স্থানীয় জনগোষ্ঠীর উপর ব্যাপক নেতিবাচক প্রভাব রয়েছে জানা সত্ত্বেও বাংলাদেশ বিশাল সংখ্যক রোহিঙ্গা জনগোষ্ঠীকে আশ্রয় দিয়েছে। এখন আমরা তাদের নিজ দেশে ফেরত পাঠাতে চাই। মিয়ানমারের রোহিঙ্গা জনগোষ্ঠী যখন জাতিগত নির্মূলের মুখোমুখি তখন আইডিবি নিশ্চুপ থাকতে পারে না। রোহিঙ্গাদের ফিরিয়ে নেওয়ার চুক্তি কার্যকরে মিয়ানমারকে বাধ্য করার জন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের সুনির্দিষ্ট পদক্ষেপ কামনা করেন প্রধানমন্ত্রী। গতকাল (৯ সেপ্টেম্বর রোববার) হোটেল রেডিসনে ইসলামী ডেভেলপমেন্ট ব্যাংক (আইডিবি) গ্রুপের ঢাকাস্থ রিজিওনাল হাব এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

৪। **প্রধানমন্ত্রীর সঙ্গে আইডিবি’র প্রেসিডেন্টের সাক্ষাৎ**

ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংকের প্রেসিডেন্ট ড. বন্দর এমএইচ হাজ্জার গতকাল (৯ সেপ্টেম্বর রোববার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম বলেন, গতকাল (৯ সেপ্টেম্বর রোববার) হোটেল র‍্যাডিসনে ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংকের (আইডিবি) ঢাকার ‘রিজিওনাল হাব’ উদ্বোধন অনুষ্ঠানের পর প্রধানমন্ত্রীর সঙ্গে তার এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। বাংলাদেশের উন্নয়নে ব্যাংকের কার্যকর ভূমিকা সবসময় অব্যাহত থাকবে বলে আইডিবি প্রেসিডেন্ট প্রধানমন্ত্রীকে আশ্বাস দেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার বিজনেস পাতা** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।



৫। **প্রধানমন্ত্রীর সঙ্গে এরশাদসহ জাপার পাঁচ নেতার বৈঠক**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠক করেছেন জাতীয় পার্টির (জাপা) চেয়ারম্যান এইচএম এরশাদসহ দলটির পাঁচ নেতা। গতকাল (৯ সেপ্টেম্বর রোববার) সন্ধ্যা ৬টার পর সংসদ অধিবেশন শেষে সংসদ ভবনে প্রধানমন্ত্রীর কার্যালয়ে তাঁরা প্রায় দেড় ঘণ্টা বৈঠক করেন। বৈঠকে দেশের চলমান রাজনৈতিক পরিস্থিতি, আগামী জাতীয় নির্বাচন, নির্বাচনে জাপার অবস্থান ও জোট-মহাজোট নিয়ে আলোচনা হয় সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **সমকাল** (পৃ.১,ক.৮)।

**৬। জাতীয় সংসদের স্পিকারের সঙ্গে এস্তোনিয়ার পররাষ্ট্রমন্ত্রীর সাক্ষাৎ**

এস্তোনিয়া রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের পক্ষে সমর্থন অব্যাহত রাখবে। এস্তোনিয়ার পররাষ্ট্রমন্ত্রী সভেন মিকসার গতকাল (৯ সেপ্টেম্বর রোববার) জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎকালে এ কথা জানান। বাংলাদেশে সফররত সভেন মিকসার এস্তোনিয়ার ৮ সদস্যের একটি প্রতিনিধি দলের নেতৃত্ব দিচ্ছেন। সাক্ষাৎকালে তাঁরা সংসদীয় কার্যক্রম, ব্যবসা-বাণিজ্য, বিনিয়োগ, অর্থনৈতিক উন্নয়ন, টেকসই উন্নয়ন লক্ষ্য, রোহিঙ্গা ইস্যু, নারীর অর্থনৈতিক ক্ষমতায়নসহ দু'দেশের স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৬), **সমকাল** (পৃ.৪,ক.৫)।

**৭। কৃষকের স্বার্থে ২৮ ভাগ আমদানি শুল্ক আরোপ করা হয়েছে : বাণিজ্যমন্ত্রী**

বাংলাদেশ এখন খাদ্যে স্বয়ংসম্পূর্ণ উল্লেখ করে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, গত বছর বন্যার কারণে কিছু সমস্যা হয়েছিল, সে কারণে খাদ্য আমদানির ক্ষেত্রে কিছু সময়ের জন্য আমদানি শুল্ক প্রত্যাহার করা হয়েছিল। তবে দেশের কৃষকের স্বার্থে কৃষিপণ্যের উপযুক্ত মূল্য নিশ্চিত করতে আবারো ২৮ ভাগ আমদানি শুল্ক আরোপ করা হয়েছে। গতকাল (৯ সেপ্টেম্বর রোববার) রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশের ৬ষ্ঠ জাতীয় কনভেনশনের দ্বিতীয় দিনে 'ইমার্জিং ফুড সিস্টেম ঃ ভেল্যু এডিশন, সাপ্লাই চেইন এন্ড ফুড সেফটি' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

**৮। সরকারি চাকরিতে আইএইচটি ও ম্যাটস ডিগ্রীধারীদের সুযোগ বাড়ান : স্বাস্থ্যমন্ত্রী**

আইএইচটি ও ম্যাটস থেকে ডিগ্রীপ্রাপ্তদের সরকারি চাকরির সুযোগ বৃদ্ধির উদ্যোগ নিতে নির্দেশ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। এ লক্ষ্যে সরকারি হাসপাতালগুলোর শূন্যপদে মেডিকেল টেকনোলজিস্ট নিয়োগ প্রক্রিয়া দ্রুত শুরু করতে নির্দেশ দেন তিনি। পাশাপাশি তৃতীয় ও চতুর্থ শ্রেণীর জনবলের শূন্যতাপূরণ প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য তিনি সংশ্লিষ্টদের নির্দেশ দেন। গতকাল (৯ সেপ্টেম্বর রোববার) সচিবালয়ে ইনস্টিটিউট অভ্ হেলথ টেকনোলজি (আইএইচটি) এবং মেডিকেল এসিস্ট্যান্ট ট্রেনিং স্কুলের (ম্যাটস) মানোন্নয়ন সংক্রান্ত সভায় সভাপতিত্বকালে তিনি এ নির্দেশ দেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.ক.৮), **ইত্তেফাক** (পৃ.২,ক.৬)।

**৯। তিনটি পাইকারি কাঁচাবাজার নির্মাণের পর কাওরানবাজার স্থানান্তর**
**সংসদে প্রশ্নোত্তরে এলজিআরডিমন্ত্রী**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন (এলজিআরডি) ও সমবায়মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন সংসদকে জানিয়েছেন, ৩৫০ কোটি টাকা ব্যয়ে রাজধানীর মহাখালী, যাত্রাবাড়ী ও আমিনবাজারে তিনটি পাইকারি কাঁচাবাজার নির্মাণ প্রকল্প চলমান। এ প্রকল্প আগামী বছরের জুনে শেষ হবে। এ প্রকল্পের মাধ্যমে কাওরানবাজারসহ তিনটি কিচেন মার্কেট স্থানান্তরের মাধ্যমে ঢাকা শহরের যানজট নিরসন হবে। এতে ন্যায্যমূল্যে কৃষিজাত পণ্য বাজারজাত করা সম্ভব হবে। গতকাল (৯ সেপ্টেম্বর রোববার) সংসদে এক প্রশ্নের জবাবে মন্ত্রী একথা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **যায়যায়দিন** (শেষ পৃ.,ক.৫)।

**১০। খালেদা জিয়ার স্বাস্থ্যপরীক্ষায় মেডিকেল বোর্ড গঠন করা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

মেডিকেল বোর্ডের সুপারিশ অনুযায়ী কারাবন্দি বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার চিকিৎসার ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। তিনি বলেন, বিএনপি নেত্রীর স্বাস্থ্য পরীক্ষায় আবারো বোর্ড গঠন করা হবে। বোর্ডের সুপারিশ অনুযায়ী জেলকোডের আওতায় সর্বোচ্চ ব্যবস্থা নেওয়া হবে। গতকাল (৯ সেপ্টেম্বর রোববার) সচিবালয়ে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলামের নেতৃত্বে সাত সদস্যের প্রতিনিধিদলের সঙ্গে বৈঠকের পর মন্ত্রী সাংবাদিকদের এ তথ্য জানান। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।



**১১। বিশ্ববিদ্যালয়গুলোতে সমুদ্রবিজ্ঞান বিভাগ খোলা হবে : শিক্ষামন্ত্রী**

আওয়ামী লীগ সরকারের সমুদ্র বিজয়ের প্রসঙ্গ উল্লেখ করে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, সমুদ্রের সম্পদ অনুসন্ধান ও গবেষণার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে সমুদ্রবিজ্ঞান বিভাগ খোলা হয়েছে। অন্যান্য বিশ্ববিদ্যালয়ে সমুদ্রবিজ্ঞান বিভাগ খোলার উদ্যোগ নেওয়া হচ্ছে। রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে গতকাল (৯ সেপ্টেম্বর রোববার) শিক্ষাবিষয়ক সাংবাদিকদের নবগঠিত সংগঠনের অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.ক.২), **ইত্তেফাক** (পৃ.৪,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**১২।	প্রজনন স্বাস্থ্য বিষয়ে সঠিক তথ্য জেন্ডার বৈষম্য কমাবে : তথ্যমন্ত্রী**

যৌন ও প্রজনন স্বাস্থ্য ও অধিকার (এসআরএইচআর) বিষয়ে সঠিক তথ্য যৌন হয়রানি এবং জেন্ডার বৈষম্য কমাতে সাহায্য করবে বলে মন্তব্য করেছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। গতকাল (৯ সেপ্টেম্বর রোববার) 'যৌন ও প্রজনন স্বাস্থ্য ও অধিকার' শীর্ষক একটি আন্তর্জাতিক নলেজ ফেয়ারের উদ্বোধন অধিবেশনে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। যৌন ও প্রজনন স্বাস্থ্য ও অধিকার বিষয়ক প্ল্যাটফরম শেয়ারনেট বাংলাদেশ রাজধানীর গুলশানে স্পেক্ট্রা কনভেনশন সেন্টারে এ নলেজ ফেয়ারের আয়োজন করে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **যায়যায়দিন** (পৃ.১৫,ক.৪), **অবজারভার** (শেষ পৃ.ক.১)।

**১৩।	নির্বাচন ঘিরে অরাজকতা সৃষ্টির সুযোগ কাউকে দেওয়া হবে না : আইজিপি**

পুলিশের আইজি ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারী বলেছেন, নির্বাচনকে ঘিরে আইনশৃংখলা পরিস্থিতির অবনতি বা অরাজকতা সৃষ্টির কোনো সুযোগ কাউকে দেওয়া হবে না। নির্বাচনকে সামনে রেখে অবৈধ অস্ত্র উদ্ধারকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে। বৈধ অস্ত্রের অবৈধ ব্যবহার রোধে ব্যবস্থা নিতে হবে। গতকাল (৯ সেপ্টেম্বর রোববার) পুলিশ হেডকোয়ার্টার্সের সম্মেলনকক্ষে দিনব্যাপী অর্ধবার্ষিকী অপরাধ পর্যালোচনাসভায় তিনি এসব কথা বলেন। আসন্ন জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য মাঠ পর্যায়ের পুলিশ কর্মকর্তাদের তিনি এসব নির্দেশনা দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **সমকাল** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.১)।

**সম্পাদকীয়**

ক.	**ইনকিলাব :** শিশু-কিশোর শিক্ষার্থীদের নিরাপদ সড়ক চাই আন্দোলনের অনুপ্রেরণায় ট্রাফিক নিয়ন্ত্রণ ও সড়কশৃঙ্খলা প্রতিষ্ঠায় ট্রাফিক পুলিশের সঙ্গে যোগ দিয়েছে স্কাউট, রোভার স্কাউট, গার্লস গাইড ও বিএনসিসি'র সদস্যরা-তাদের এ মহতী উদ্যোগকে স্বাগত জানিয়ে এ স্বেচ্ছাকর্মে আরও উদ্বুদ্ধ করতে তাদের উপযুক্ত ইনসেনটিভ দেওয়ার সুপারিশ।

খ.	**যায়যায়দিন, জনকণ্ঠ. ডেইলি সান :** বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের একদল গবেষক ইলিশের পূর্ণাঙ্গ জীবন রহস্য উম্মোচন করায় তা যথাযথভাবে কাজে লাগাতে পদক্ষেপ নেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ.	**বণিকবার্তা :** সিলেটের হবিগঞ্জে গড়ে ওঠা শিল্প-কারখানার বিষাক্ত বর্জ্য বিষিয়ে তুলছে সুতাং নদীর পানি উল্লেখ করে নদী রক্ষায় কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ.	**ইত্তেফাক :** নেত্রকোণা ও নীলফামারীর ডিমলায় মন্দিরের প্রতিমা ভাঙচুরের ঘটনায় নিন্দা জানিয়ে অবিলম্বে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়ার দাবি।

ঙ.	**ইন্ডিপেনডেন্ট :** চট্টগ্রামে অপরিকল্পিতভাবে পাহাড় কাটার ফলে তা পরিবেশের জন্য বিপর্যয় সৃষ্টি করছে উল্লেখ করে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ কামনা।

চ.	**ফিনানশিয়াল এক্সপ্রেস :** বিদ্যুৎ উৎপাদনে সোলার সিস্টেম স্থাপনে অধিক বিনিয়োগ করার ওপর গুরুত্বারোপ।

ছ.	**ডেইলি সান :** ভারতের নয়াদিল্লিতে অনুষ্ঠিত বিজিবি-বিএসএফ দ্বিপক্ষীয় কনফারেন্সের বিষয়কে দু'দেশের জন্য পজিটিভ বলে উল্লেখ করে আন্তঃসীমান্ত সমস্যা সমাধানে তা ব্যাপক প্রভাব ফেলবে বলে প্রত্যাশা।

**উপসম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সরকার পরিচালনায় সুশাসন প্রতিষ্ঠার উদ্দেশ্যে পদায়নের ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিকে নিয়োগ দিতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'দক্ষ মানবসম্পদ শিক্ষার প্রধান উদ্দেশ্য হওয়া উচিত'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সচেতনতার মধ্য দিয়ে শিক্ষার্থীরা রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক দ্বন্দ্বগুলোকে চিহ্নিত করতে সক্ষম হবে এবং এ পথ ধরে বৃহত্তর মুক্তির জন্য কাজ করবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা